কালের কণ্ঠ

তারিখ : 31 JAN 2016
পৃষ্ঠা : 2 কলাম : 6

# শিক্ষকদের নতুন স্কেলে বেতন নিয়ে চিন্তার কিছু নেই : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'খুব শিগগির এমপিওভুক্ত শিক্ষকরা নতুন স্কেলে বেতন পাবেন। স্কুল-কলেজের শিক্ষকদের মতো মাদ্রাসা শিক্ষকরাও এই বেতন পাবেন। গত জুলাই মাস থেকেই তা কার্যকর হিসেবে ধরা হবে। নতুন স্কেলে বেতন পাওয়া নিয়ে চিন্তিত হওয়ার কারণ নেই। বিষয়টি নিয়ে শিক্ষাসচিব কাজ করছেন। শিক্ষক সংখ্যা বেশি হওয়ায় একটু সময় লাগছে।' গতকাল শনিবার রাজধানীর গাউসুল আজম কমপ্লেক্সে মাদ্রাসা শিক্ষকদের সংগঠন জমিয়াতুল মোদাররেছীন আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব বলেন। সমাবেশে প্রায় ২০ হাজার মাদ্রাসা শিক্ষক উপস্থিত ছিলেন।

জমিয়াতুল মোদাররেছীনের সভাপতি আলহাজ্জ এ এম এম বাহাউদ্দীনের সভাপতিত্বে আরো বক্তব্য দেন ধর্মবিষয়ক মন্ত্রণালয় সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন এমপি, শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইন, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আহসান উল্লাহ, সংগঠনের সহসভাপতি মাওলানা রুহুল আমিন খান, মহাসচিব অধ্যক্ষ মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী প্রমুখ।

**নতুন স্কেলে বেতন-ভাতা প্রদানের সুনির্দিষ্ট তারিখ ঘোষণার দাবি :** অষ্টম জাতীয় বেতন কাঠামোতে কবে থেকে বেসরকারি শিক্ষকরা বেতন-ভাতা পাবেন সে বিষয়ে সুনির্দিষ্ট তারিখ ঘোষণার দাবি জানিয়েছে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট। গতকাল সংগঠনের ফার্মগেটের কার্যালয়ে জাতীয় কমিটির বর্ধিত সভা থেকে এ দাবি জানানো হয়।

ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বলেন, দাবি আদায়ের জন্য চার সদস্যের কর্মসূচি প্রণয়ন কমিটি গঠিত হয়েছে।